সমকাল

তারিখ 0 8 MAR 2015
পৃষ্ঠা

# 'ইবিতে শিক্ষক নিয়োগে নিয়ম লঙ্ঘন হয়নি'

গত ১১ ফেব্রুয়ারি দৈনিক সমকালের দ্বিতীয় পৃষ্ঠায় 'ইবিতে নিয়ম লঙ্ঘন করে শিক্ষক নিয়োগের চেষ্টা' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়েছেন পরিসংখ্যান বিভাগের সভাপতি ড. মো. কামাল। প্রতিবাদলিপিতে তিনি বলেন, আমাকে হেয়প্রতিপন্ন করার জন্য মিথ্যা ও বানোয়াট সংবাদ পরিবেশন করা হয়েছে। এতে বলা হয়-শিক্ষাজনিত ছুটি বা কোনো কারণে পদ শূন্য হলে ওই শূন্য পদে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের নিয়ম রয়েছে। এভাবে নিয়োগ বিশ্ববিদ্যালয়ে একটি প্রথা। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত পন্থায় বিভাগে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চলছে। এতে কোনো নিয়ম লঙ্ঘন হয়নি। শিক্ষক নিয়োগের ব্যাপারে অযথা কাউকে চাপও দেওয়া হয়নি বলে প্রতিবাদলিপিতে উল্লেখ করেন তিনি।